ঝিনাইদহে এলইডি সার্চ লাইট ও হাইড্রোলিক হর্নের বিরুদ্ধে বিশেষ অভিযান

ঝিনাইদহে বিভিন্ন মহাসড়কে চলাচলকারী বাস-ট্রাক, ইজি বাইক সহ বিভিন্ন যানবাহনে এলইডি লাইট, সার্চ লাইট ও হাইড্রোলিক হর্ন বন্ধে ট্রাফিক পুলিশের অভিযান পরিচালতি হয়েছে।

সোমবার সকাল থেকে দুপুর পর্যন্ত শহরের আরাপপুর, ভাটই বাজারে এ অভিযান পরিচালিত হয়। এসময় ট্রাফিন ইন্সপেক্টর কাজী হাসানুজ্জামান, গৌরাঙ্গ পাল, সার্জেন্ট মোস্তাফিজুর রহমানসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহ ট্রাফিক ইন্সপেক্টর গৌরাঙ্গ পাল জানান, বাস-ট্রাকে হাইড্রোলিক হর্ন ব্যবহার নিষিদ্ধ। পাশাপাশি ইজিবাইকে এলইডি লাইট ও ট্রাকে সার্চ লাইট ব্যবহারের ফলে বড় দুর্ঘটনা ঘটতে পারে। তাই পুলিশ সুপারের নির্দেশে এ অভিযানের মাধ্যমে শতাধীক বাস-ট্রাক থেকে হাইড্রোলিক হর্ন এবং সার্চ লাইট খুলে নেওয়া হয়। পাশাপাশি ইজি বাইক থেকে খুলে নেওয়া হয় সাদা এলইডি লাইট।

অপর ট্রাফিক ইন্সপেক্টর কাজী হাসানুজ্জামান জানান, আমাদের এ অভিযান অব্যাহত থাকবে।

মেপ্র/ইএম

ঝিনাইদহে আন্ত:স্কুল বিজ্ঞান মেলা অনুষ্ঠিত

‘স্কুল হোক বিজ্ঞান শিক্ষার আনন্দময় কর্মকান্ডের কেন্দ্রবিন্দু’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে অনুষ্ঠিত হয়েছে আন্ত:স্কুল বিজ্ঞান মেলা।

উদ্ভাবন ও বিজ্ঞানের প্রতি শিক্ষার্থীদের মনোযোগ আকৃষ্ট করতে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বরে দিনব্যাপী এ মেলার আয়োজন করে ওয়েলফেয়ার এফোর্টস (উই) নামের একটি সংগঠন। সকালে ফিতা কেটে এ মেলার উদ্বোধন করা হয়। পরে পুরাতন ডিসি কোর্ট মুক্তমঞ্চে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সরকারি নুরুন্নাহার মহিলা কলেজের সাবেক উপাধ্যক্ষ এন এম শাহজালালের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) রবিউল ইসলাম, জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সুশান্ত কুমার দেব প্রমূখ। অনুষ্ঠান পরিচালন করেন ওয়েলফেয়ার এফোর্টস(উই) এর পরিচালক শরিফা খাতুন। আলোচনা সভা শেষে অতিথিবৃন্দ বিভিন্ন স্টল ঘুরে দেখেন।

দিনব্যাপী এ আয়োজনে ঝিনাইদহ সদর ও হরিণাকুন্ডু উপজেলার ৩০ টি মাদ্রাসা ও মাধ্যমিক বিদ্যালয়ের বিজ্ঞান ক্লাবের সদস্যরা তাদের নিজেদের চিন্তা ও গবেষণায় তৈরি প্রজেক্ট প্রদর্শণ, দেয়ালিকা ও কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহন করে মেলাকে উৎসব মূখর ও প্রাণবন্ত করে রাখে।

মেপ্র/ইএম

কোটচাঁদপুরে মুক্তিযোদ্ধা ও দুস্থ্ শীতার্তদের মাঝে কম্বল ও সেলাইমেশিন বিতরণ

ঝিনাইদহের কোটচাঁদপুরে মুক্তিযোদ্বা ও দুস্থ্য অসহায় শীতার্তদের মাঝে কম্বল ও প্রশিক্ষিত মহিলাদের মাঝে সেলাইমেশিন বিতরণ করা হয়েছে।

রবিবার বিকালে উপজেলা আ.লীগের দলীয় কার্যালয়ে মুক্তিযোদ্ধা সদস্য ও দুস্থ্য অসহায় ছিন্নমূল মানুষের মাঝে এই কম্বল বিতরণ করা

হয়। পরে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের আয়োজনে এবং স্থানীয় সংসদ সদস্য শফিকুল আজম খাঁন চঞ্চলের নিজস্ব তহবিল থেকে দুস্থ্য এবং প্রশিক্ষিত মহিলাদের মাঝে সেলাইমেশিন বিতরণ করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য এবং রেল মন্ত্রনালয়ের সংসদীয় স্থায়ী কমিটির সদস্য এ্যাড.শফিকুল আজম খাঁন চঞ্চল।

এসময় উপস্থিত ছিলেন, উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক মোঃ শাহাজান আলী, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মুন্সি ফিরোজা সুলতানা, মডেল থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম, পৌর আ.লীগের যুগ্ন-আহ্বায়ক শহিদুজ্জামান সেলিম, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলামসহ পৌর ও উপজেলা আ.লীগ এবং অঙ্গসংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতা- কর্মীরা।

ঝিনাইদহে ফেন্সিডিল পাচারের সময় প্রতিবন্ধীসহ ২ জন আটক

৫ বছর আগে গাছ থেকে পড়ে গিয়ে কোমরের হাড় ভেঙ্গে যায় চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার হরিহরনগর গ্রামের রবিউল হোসেনের ছেলে জালাল হোসেন (৩৫)। এরপর থেকে চলার শক্তি হারিয়ে ফেলেন তিনি। চলেন হুইল চেয়ারে।

এই প্রতিবন্ধীতাকে পুঁজি করে শুরু করেন মাদক ব্যবসা। কেউ দেখলে বোঝার উপায় নেই তার শরীরে অভিনব কায়দায় রাখা হয় ফেন্সিডিল।

রোববার জীবননগর থেকে ইজিবাইক যোগে শরীরের সাথে অভিনব কায়দায় ফেন্সিডিল পাচারের সময় কোটচাঁদপুরের কাগমারী এলাকা থেকে ১৪০ বোতল ফেন্সিডিলসহ জালাল হোসেন ও ইজিবাইক চালক রাজু মন্ডলকে আটক করে ডিবি।

ঝিনাইদহ ডিবি পুলিশের ওসি আনোয়ার হোসেন জানান, গোপন সংবাদের ভিত্তিতে তারা জানতে পারে জীবননগর থেকে কোটচাঁদপুরের কাগমারী

এলাকা দিয়ে ফেন্সিডিল পাচার হচ্ছে।

এমন সংবাদের ভিত্তিতে এস আই আব্দুল আলীম, এএসআই ওবাইদুর রহমান, রবিউল ইসলাম কাগমারী এলাকায় চেকপোস্ট বসায় পুলিশ। এসময় একটি ইজিবাইকে তল্লাসী করে প্রতিবন্ধী চাদর ও পোশাকের নিচ থেকে ১৪০ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়।

ঝিনাইদহে জিয়াউর রহমানের জন্মবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা

সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৮৪ তম জন্মবার্ষিকী উপলক্ষে ঝিনাইদহে আলোচনা সভা ও মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদাণ করা হয়েছে।

রোববার সকালে শহরের এইচ এস এস সড়কের জেলা বিএনপির কার্যালয়ে এ অুনষ্ঠানের আয়োজন করেন জেলা ছাত্রদল।

জেলা ছাত্রদলের যুগ্ম সম্পাদক মাহবুব আলম মিলুর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক এ্যাড. এস এম মশিয়ুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির সদস্য সচিব এ্যাড. এম এ মজিদ, যুগ্ম আহ্বায়ক আক্তারুজ্জামান আক্তার, জাহিদুজ্জামান মনা, মুন্সী কামাল আজাদ পান্নু, আব্দুল মজিদ বিশ্বাসসহ বিএনপি, ছাত্রদল ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা বক্তব্য রাখেন। বক্তারা, সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার নামে দায়ের করা সকল মামলা প্রত্যাহার করে তার নি:শর্ত মুক্তি দাবী করেন।

আলোচনা সভা শেষে সদর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ৩০ জন মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদাণ করা হয়।

মেপ্র/ইএম

কোটচাঁদপুর পৌর কলেজের উদ্যোগে এমপি চঞ্চলকে সংবর্ধনা প্রদান

ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর ডিগ্রি কলেজের উদ্যোগে স্থানীয় সংসদ সদস্য অ্যাড. শফিকুল আজম খাঁন চঞ্চলকে সংবর্ধনা প্রদান করা হয়েছে।

শনিবার বেলা ১২টার দিকে শহরের কাশিপুর পৌর ডিগ্রি কলেজ মাঠ চত্তরে এই সংবর্ধনা ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের সভাপতি অধ্যাপক (অবঃ) ফারজেল হোসেন মন্ডলের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ-৩ আসনের জাতীয় সংসদ সদস্য অ্যাড. শফিকুল আজম খাঁন চঞ্চল।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মো: শাহাজান আলী, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, সরকারি কে.এম.এইচ ডিগ্রি কলেজের উপাধাক্ষ্য রেজাউর রহমান, মডেল থানার পরিদর্শক(তদন্ত) ইমরান আলম, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি নুরুল ইসলাম খাঁন বাবলু, সহ-সভাপতি লুৎফর রহমান, পৌর আওয়ামী লীগের যুগ্ন-আহ্বায়ক শহিদুজ্জামান সেলিম, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন প্রতিষ্ঠানের অধ্যক্ষ মো: হুমায়ন।

এছাড়াও ইউপি চেয়ারম্যান নওশের আলী নাসির, মিজানুর রহমান খাঁন, আব্দুল হান্নান, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান, রাজনৈতিক, সামাজিক, সাংবাদিক, ও প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী এবং

শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

পরে জনপ্রিয় শিল্পীদের অংশগ্রহনে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

মেপ্র/ আরপি

ঝিনাইদহে জাতীয় সঞ্চয় সপ্তাহের উদ্বোধন

‘অপচয় না করে সঞ্চয় কর, সমাজ ও দেশকে সমৃদ্ধ কর’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে জাতীয় সঞ্চয় সপ্তাহের উদ্বোধন করা হয়েছে। জেলা সঞ্চয় অফিসের আয়োজন শনিবার সকালে শহরের এইচ এস এস সড়কের জেলা কার্যালয় চত্বর থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে সেখানে অনুষ্ঠিত হয় আলোচনা সভা।

জেলা সঞ্চয় অফিসের সহকারী পরিচালক ময়েন উদ্দিন এর সভাপতিত্বে অনুষ্ঠনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আরিফ-উজ-জামান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (সদর) আবুল বাশার। এছাড়াও বক্তব্য রাখেন বিনিয়োগকারী মনোরঞ্জন বিশ্বাস, জেলা সঞ্চয় অফিসের আবু সাঈদ প্রমুখ।

এসময় বক্তারা, দেশের অর্থনৈতিক উন্নয়ন ও সরকারের বাজেট ঘাটতি পুরণে সকলকে সঞ্চয়পত্রে বিনিয়োগ করার আহ্বান জানান।

দেশব্যাপী নারী-শিশু ধর্ষণের প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন

‘ধর্ষণসহ সকল নারী নির্যাতন প্রতিরোধে আমরা’ এ শ্লোগানকে সামনে রেখে দেশব্যাপী নারী-শিশু ধর্ষণের প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

শনিবার সকালে শহরের পায়রাচত্বরে এ কর্মসূচীর আয়োজন করে জেলা মানবাধিকার ফোরাম। এতে ব্যানার ফেস্টুন নিয়ে মানবাধিকার কর্মীসহ নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়।

এসময় বক্তব্য রাখেন, জেলা মানবাধিকার ফোরামের সভাপতি আমিনুর রহমান টুকু, সাধারণ সম্পাদক শরিফা খাতুন, সাবেক উপাধ্যক্ষ এন এম শাহজালাল, মানবাধিকার কর্মী রুবেল হোসেন, অধ্যক্ষ সুব্রত মল্লিক, সাজেদুর রহমান ফেটু, সুরাইয়া পারভীন মলি, আশরাফুন্নাহার আশাসহ অন্যান্যরা।

বক্তারা, দেশব্যাপী নারী-শিশু ধর্ষণের প্রতিবাদ জানিয়ে দোষিদের দৃষ্টান্তমুলক শাস্তির দাবী জানান। সেই সাথে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে সকলকে এগিয়ে আসার আহ্বান জানান।

বাসরের ফুল কিনতে গিয়ে সড়ক দুর্ঘটনায় প্রাণ গেল হবু বরের

রাত পোহালেই বিয়ে, প্রস্তুতিও প্রায় শেষ। এমনই সময় বাড়িতে খবর এলো সড়ক দুর্ঘটনায় হবু বর তন্ময় বিশ্বাসের মৃত্যু হয়েছে।

ঘটনাটি ঘটেছে ঝিনাইদহ শহরের কলাহাট এলাকায় বৃহস্পতিবার রাত ৮টার দিকে।

নিহত তন্ময় বিশ্বাস সদর উপজেলার কলোমনখালি গ্রামের গোলাম নবীর ছেলে। তার মৃত্যুতে বর ও কনে পরিবারে শোকের ছায়া নেমে এসেছে।

নিহতের পরিবার সূত্রে জানা যায়, আগামীকাল জেলা সদরের হাট-বাকুয়া গ্রামের একটি মেয়ের সঙ্গে বিয়ে হওয়ার কথা ছিল তন্ময় বিশ্বাসের। বাড়িতে প্রস্তুতিও প্রায় শেষ। এমন সময় সে ঝিনাইদহ শহরে আসছিল বাসর ঘরের ফুল কিনতে। হঠাৎ রাত ৮টার দিকে খবর এলো সে সড়ক দুর্ঘটনায় নিহত হয়েছে।

ঝিনাইদহ ফায়ার সার্ভিস কর্মকর্তা রউফ মোল্লা জানান, মোটরসাইকেল ঠেকিয়ে রাস্তার পাশে দাঁড়িয়ে ছিল তন্ময় বিশ্বাস। এ সময় অজ্ঞাত যান তাকে চাপা দেয়। এতে ঘটনাস্থলেই সে মারা যায়। পরে লাশটি সদর হাসপাতালে পাঠানো হয়েছে।

মেপ্র/ইএম

আরো পড়ুন: মুজিবনগরে গৃহবধুকে শ্বাসরোধ করে হত্যার অভিযোগ

ঝিনাইদহ সরকারি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে দিনব্যাপী চাকরী মেলা

‘দক্ষতা নিজের সম্পদ, দক্ষ জনশক্তি দেশের সম্পদ’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে চলছে দিনব্যাপী চাকরী মেলা।

বৃহস্পতিবার সকালে সরকারি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে এ মেলার উদ্বোধন করা হয়। এ উপলক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় টিটিসি’র অধ্যক্ষ রুস্তম আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সেলিম রেজা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ র্যাব ক্যাম্পের কোম্পানী কমান্ডার অতিরিক্ত পুলিশ সুপার মাসুদ আলম, সরকারি নুরুন্নাহার মহিলা কলেজের সাবেক উপাধ্যক্ষ এন এম শাহজালাল, জেলা

জনশক্তি ও কর্মসংস্থান অফিসের সহকারী পরিচালক সবিতা রানী মজুমদার।

এছাড়াও বক্তব্য রাখেন, স্ট্যান্ডার্ড গ্রুপের এইচ আর এ্যাডমিন আশরাফুল আলম, জামান জুট ডিভারশিফড মিলস’র ম্যানেজার আবুল বাসেদ প্রমুখ।

আয়োজকরা জানান, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের আয়োজনে দিনব্যাপী এ মেলায় প্রাণ, আরএফএল, এসিআই গ্রুপ, স্ট্যান্ডার্ড গ্রুপসহ দেশের ১৪ টি কোম্পানী এখানে স্টল প্রদর্শণ করে।

টিটিসি থেকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ গ্রহণ করা বেকার যুবক যুবতীরা তাদের যোগ্যতা অনুযায়ী আবেদন করেন।

কোম্পানীগুলো স্বাক্ষাতকার গ্রহণ ও তাদের যোগ্যতা যাচাই করে কোম্পানীর শুন্যপদে নিয়োগ প্রদাণ করেন।

দিনব্যাপী এ চাকরী মেলায় জেলার ৬ টি উপজেলা থেকে আসা ২ শতাধিক বেকার যুবক-যুবতীর কর্মসংস্থানের ব্যবস্থা হয় বলে জানিয়েছেন আয়োজকরা।

মেপ্র/ আরপি